

## শিয়া আকিদার অসারতা

বিভাগ/অধ্যায়ঃ তাদের ভ্রান্ত আকিদার একাদশ বিষয় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

তাকীয়া (التقية) \_র আকিদা ও তাদের মতে তার ফযিলতসমূহ:

শিয়াদের নিকট তাকীয়া (التقية) ন অর্থ হল: নির্ভেজাল মিথ্যা, অথবা সুস্পষ্ট মুনাফেকি (কপটতা); যেমনিভাবে তাদের বর্ণনাসমূহ থেকে তা পরিষ্কার ও সুস্পষ্ট।

তাকীয়া (التقية) ও তার ফযিলতের ব্যাপারে শিয়াদের নির্ভরযোগ্য গ্রন্থসমূহ থেকে তাদের আকিদা ও বিশ্বাস নিয়ে বর্ণিত বর্ণনাসমূহ থেকে অংশবিশেষ উপস্থাপন করা হল।

আল-কুলাইনী বর্ণনা করেন:

"ইবনু 'উমাইর আল-আ'জামী থেকে বর্ণিত, তিনি বলেন, আমাকে আবূ আবদিল্লাহ আ. বলেন: হে আবূ ওমর! নিশ্চয় দীনের দশ ভাগের নয় ভাগ 'তাকীয়া' (التقية) \_র মধ্যে; যার 'তাকীয়া' নেই, তার ধর্ম নেই। আর মদ ও মোজার উপর মাসেহ ব্যতীত সকল বস্তুর মধ্যে 'তাকীয়া' আছে।"[1]

আল-কুলাইনী আরও বর্ণনা করেন:

"আবূ জাফর আ. বলেন: 'তাকীয়া' আমার এবং আমার বাপ-দাদাদের ধর্ম। যার 'তাকীয়া' নেই, তার ঈমান নেই।"[2]

আল-কুলাইনী আরও বর্ণনা করেন:

"আবূ আবদিল্লাহ আ. থেকে বর্ণিত, তিনি বলেন: তোমরা তোমাদের দীনের ব্যাপারে ভয় কর এবং তাকে 'তাকীয়া' দ্বারা ঢেকে রাখ। কারণ, যার 'তাকীয়া' নেই, তার ঈমান নেই।"[3]

আল-কুলাইনী আরও বর্ণনা করেন:

"আবূ আবদিল্লাহ আ. থেকে বর্ণিত, আল্লাহ তা'আলার বাণী: (وَلَا تَسَاتَوَي ٱلاَحَسَنَةُ وَلَا ٱلسَّبِنَّةُ) (ভাল ও মন্দ সমান হতে পারে না)-প্রসঙ্গে তিনি বলেন: ভাল (التقية) হচ্ছে 'তাকীয়া' (التقية) বা গোপন করা এবং মন্দ (السَّيِّنَةُ) হচ্ছে প্রচার করা। আর আল্লাহ তা'আলার বাণী: السَّيِّنَةُ (মন্দ প্রতিহত কর উৎকৃষ্ট দ্বারা)- প্রসঙ্গে তিনি বলেন: উৎকৃষ্ট হল 'তাকীয়া' (التقية) শু(التقية)

আল-কুলাইনী আরও বর্ণনা করেন:

"দরাসত আল-ওয়াসেতী থেকে বর্ণিত, তিনি বলেন, আবূ আবদিল্লাহ আ. বলেন: কোন ব্যক্তির তাকীয়াই আসহাবে কাহাফের তাকীয়ার পর্যায়ে পৌঁছেনি; যদি তারা উৎবসমূহ প্রত্যক্ষ করত এবং পৈতা বাঁধত, তবে আল্লাহ তাদেরকে দ্বিগুণ প্রতিদান দিতেন।" উসুলুল কাফী (أصول الكافي) নামক গ্রন্থের 'তাকীয়া' (التقية) অধ্যায়ে এ বক্তব্য উদ্ধৃত হয়েছে।



## ফুটনোট

- [1] উসুলুল কাফী (أصول الكافي), পৃ. ৪৮২
- [2] উসুলুল কাফী (أصول الكافي), পৃ. ৪৮৪
- [3] উসুলুল কাফী (أصول الكافي), পৃ. ৪৮৩
- [4] উসুলুল কাফী (أصول الكافي), পৃ. ৪৮২

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12708

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন